
# অনলাইনে সচেতন হোন



আদিল তার নতুন ফোনের সাথে স্বাচ্ছন্দ্য বোধ করে, সে বুঝেছে ইন্টারনেট সবসময় একটি মসৃণ পথযাত্রা নয়, পথে বাধা এবং বিপত্তি আছে! আপনি কি তাকে নিজেকে রক্ষা করতে শিখতে সাহায্য করতে পারেন?

আদিল তার ফোনে বিভিন্ন অ্যাপে বেশ কিছু মেসেজ, পোস্ট এব নোটিফিকেশন পায়! গতকালের বিজ্ঞপ্তিগুলি দেখুন এবং ডানদিকের প্রশ্নগুলি সম্পর্কে চিন্তা করুন:

৭:00 PM আদিল

- আপনার ফোনের ছবি উন্নত করার পরামর্শসমূহ।
- এই সপ্তাহান্তে আপনি যে Binge-Worthy শো দেখতে পারেন
- বলিউড তারকাদের হৃদয়বিদারক গল্প যা আপনাকে কাঁদাবে।
- বিপন্ন প্রজাতিদের রক্ষা করতে সাহায্যকারী নতুন বৈজ্ঞানিক গবেষণা করে।
- মেয়েটি অজানা ডায়েরি খুঁজে পেয়েছে - আপনি বিশ্বাস করবেন না যে এরপর কি হবে!

এই শিরোনামগুলোর মধ্যে মিল এবং পার্থক্য কি কি?

প্রতিটি মেসেজে ব্যবহৃত বার্তা কেমন (যেমন: উত্তেজিত, রাগান্বিত)?

কোন মেসেজগুলি ওপেন করার জন্য সবচেয়ে লোভনীয় বলে মনে হচ্ছে? কেন?


# ক্লিকবাইট

amazon future engineer

আপনি কি জানতেন?

ক্লিকবাইট হলো এক ধরনের কন্টেন্ট (যেমন: শিরোনাম, পোস্ট বা মেসেজ) অনলাইন, যা পাঠকদের ক্লিক  করার জন্য ডিজাইন করা হয়েছে। মাছ ধরার সময় যেমন একটি টোপ যুক্ত করা হয় মাছ ধরার জন্য, অনলাইন ক্লিকবাইট আমাদের ক্লিকের জন্য আমাদের প্রতারণা করার চেষ্টা করে! এটি প্রায়শই অতিরঞ্জিত বা নাটকীয়ভাবে লেখা হয় যা উত্তেজনাপূর্ণ বা অস্বাভাবিক তথ্যের প্রতিশ্রুতি দেয় এবং পাঠককে লিঙ্কটিতে ক্লিক করতে প্রলুব্ধ করার জন্য তথ্যটিকে রহস্যময় করে রাখে। এই বার্তাগুলি অন্যান্য পোস্ট, রিল বা অনুসন্ধান ফলাফলের উপর ভিত্তি করে হতে পারে যা পাঠক অনলাইনে যুক্ত। এছাড়াও ক্লিকবাইট জাল খবর, স্ক্যাম বা সন্দেহজনক/ক্ষতিকারক সাইটকে সামনে নিয়ে আসে।

নীচে দেওয়া বৈশিষ্ট্যগুলি সাধারণত ক্লিকবাইটে ব্যবহৃত হয়। এর মধ্যে কোনটি আপনি আগে দেখেছেন?




আপনি কি অন্য কোনো বৈশিষ্ট্য চিন্তা করতে পারেন? অনলাইনে ম্যাসেজ, শিরোনাম এবং পোস্টগুলিতে আপনার প্রতিক্রিয়া সম্পর্কে সচেতন হওয়া আপনাকে ক্লিকবাইট শনাক্ত করতে এবং ক্ষতি বা কোনো অস্বাভাবিকতা থেকে নিজেকে রক্ষা করতে সাহায্য করতে পারে। মনে রাখবেন, ক্লিক করার আগে সবসময় চিন্তা করবেন!

1.Digital Media Literacy: What is Clickbait? (n.d.). GCFGlobal.

# অনলাইন হুমকি

amazon future engineer

অনলাইন জালিয়াতির সাথে তার প্রতিবেশীদের অভিজ্ঞতাগুলো পর্যালোচনা করে আদিলকে কোন ধরনের হুমকি যা তাকে প্রভাবিত করতে পারে তা বুঝতে সাহায্য করুন। সৌভাগ্যবশত, আপনার কাছে থ্রেট বাস্টার 2.0 নামে একটি বিশেষ ডিভাইস আছে, যা ইতোমধ্যে কিছু অনলাইন বিপদ চিহ্নিত করেছে! যাইহোক, আদিলকে অবগত রাখতে সাহায্য করার জন্য আপনাকে মানসিকভাবে সঠিক অনলাইন হুমকির সাথে অভিজ্ঞতার মিল করতে হবে!



## এই অনলাইন অভিজ্ঞতাগুলো স্ক্যান করুন!




1. একদিন, রিয়া তার ই-মেইল লগ ইন করতে পারেনি ই-মেইল আইডি পাসওয়ার্ড সঠিকভাবে লেখা সত্ত্বেও। কিন্তু তার বন্ধুরা তার অ্যাকাউন্ট থেক অদ্ভুত ম্যাসেজ পেয়েছিল!
2. নিনা কাকিমা একটি বার্তা পান যে তিনি লটারি জিতেছেন এবং টাকা পেতে তার অ্যাকাউন্টের বিবরণ জমা দিতে হবে। তিনি তথ্য শেয়ার করেছেন-এবং পরিবর্তে 20,000 টাকা হারিয়েছেন!
3. প্রকাশ একটি অনলাইন টিউশন করান। তিনি তার ছাত্রদের কন্টাক্ট ডিটেইল এবং ঠিকানা ডাউনলোড করেছিলেন এবং একজন প্রতারকের কাছে বিক্রি করেছিলেন!
4. একটি অপরিচিত গেম ডাউনলোড করার পরে ক্যারোলিনের ফোন কাজ করা বন্ধ করে দিলো।
5. ফাইজানের ছবি, নাম ও ইমেইল ঠিকানা দিয়ে কেউ একটি অ্যাকাউন্ট তৈরি করেছিল -সে ফাইজানকে নকল করেছিল!

[ ____ ] হ্যাকিং হলো যখন কেউ কোনো ব্যক্তির অনুমতি ছাড়া তার ডিভাইস/অ্যাকাউন্টে প্রবেশ করে - উন্নত কোড ব্যবহার করে - তথ্য চুরি করতে বা ক্ষতি করতে।

[ ____ ] পরিচয় জালিয়াতি হলো যখন কারো ব্যক্তিগত তথ্য অনুমতি ছাড়া ব্যবহার করা হয় (যেমন: একটি জাল পরিচয় তৈরি করা বা অবৈধ কার্যক্রমের জন্য ব্যবহার করা।)

[ ____ ] ফিশিং হলো যেখানে প্রতারক জাল ম্যাসেজ পাঠায় যা আসলের মতো দেখায়, লোকেদেরকে নিজেদের ব্যক্তিগত তথ্য শেয়ার করার জন্য প্রতারণা করে।

[ ____ ] ডেটা চুরি হল ব্যক্তিগত, গোপনীয় বা আর্থিক তথ্য অবৈধভাবে গ্রহণ এবং বিতরণ করা।

[ ____ ] ম্যালওয়্যার হলো একটি কম্পিউটার সফ্টওয়্যার যেমন একটি ভাইরাস যা গোপনে একটি কম্পিউটার বা কম্পিউটার নেটওয়ার্কের ক্ষতি করে থাকে।

2. Cyber Security - Awareness for Citizens. (2020, January 10). Cyber Crime Portal. .

# আর্থিক জালিয়াতি

amazon future engineer

আপনি জানেন কি?

আজকাল, অনেক কুখ্যাত প্রতারক অনলাইনে ফিশিং করার চেষ্টা করে থাকে- ফোন কল, ই-মেইল এবং ম্যাসেজের মাধ্যমে - মানুষের কাছ থেকে বি,পুল পরিমাণ অর্থ হাতিয়ে নিতে। যে কেউ এ ফাঁদে পড়ে যেতে পারে! প্রায়শই, তারা সাহায্য করার জন্য লোকেদের ভয় দেখানো বা উত্তেজিত করার চেষ্টা করে থাকে। যেহেতু আদিল তার পরিবারের একমাত্র ব্যক্তি যে সক্রিয়ভাবে ইন্টারনেট ব্যবহার করেন, তাই তার পরিবারকে এই জালিয়াতি এড়াতে সাহায্য করা তার দায়িত্ব। আপনি কি তাকে সাহায্য করতে পারেন?

## আদিলের বাবা একটি কল পেলেন!





হ্যালো, কে আপনি?

আমি তিলক, বাহাদুরপুর পুলিশ স্টেশন, বিহার থেকে ফোন করছি। আমরা এই মাত্র একজনকে গ্রেফতার করেছি, সে বলছে আপনি তার চাচাতো ভাই। আমরা জানতে পেরেছি আপনার ফোন নম্বর এবং ব্যাঙ্কের তথ্য বেআইনি কাজে ব্যবহার করা হয়েছে।





কি বলছেন? আমি কিন্তু গতকালই আমার চাচাতো ভাইয়ের সাথে দেখা করেছি! তিনি বিহারে এত দ্রুত কীভাবে থাকতে পারেন?

আপনি এর জন্য সমস্যায় পড়বেন, তবে চিন্তা করবেন না - আমি জানি আপনি নির্দোষ। নিরাপদ থাকতে শুধু আমার নির্দেশাবলী অনুসরণ করুন। আপনার অর্থ সুরক্ষিত রাখতে স্থানান্তর করুন ৫০০০০/- টাকা অন্য একটি অ্যাকাউন্টে ততক্ষণ আমরা আপনাকে নির্দোষ প্রমাণ করার জন্য কাগজপত্র তৈরি করছি। আপনার ব্যাঙ্কের তথ্য সহ ১৫ মিনিটের মধ্যে আমাকে কল করুন, অন্যথায় আমরা আপনাকে এবং আপনার চাচাতো ভাইয়ের বিরুদ্ধে মামলা করতে বাধ্য হবো।



আদিল তার বাবাকে এখন কী পরামর্শ দিতে পারে? সব সঠিক বিকল্পগুলো নির্বাচন করুন।

ক. এটা একটা জীবন-মরণ পরিস্থিতি- অফিসারকে সব বিস্তারিত জানান!

খ. পুলিশ অফিসারকে তার আইডি নম্বর জিজ্ঞাসা করুন এবং এটা যাচাই করার জন্য বাহাদুরপুর স্টেশনের অফিসিয়াল ফোনে পুলিশকে একটা কল করুন।

গ. চাচাতো ভাইকে ফোন করে চেক করুন যে তাকে গ্রেফতার করা হয়েছে কিনা।

ঘ. অভিযোগ দায়ের করতে সাইবার ক্রাইম সেলের সাথে দ্রুত যোগাযোগ করুন।

ঙ. বিপদে বন্ধু এবং পরিবারের সদস্যদের কাছে সাহায্য চান


3. Don't fall prey to these scams! 10 common ways in which scamsters can fraud you. (2024, October 14). Times of India.

# আর্থিক জালিয়াতি


amazon future engineer

## আদিলের মা একটি ম্যাসেজ পেয়েছেন!





নগদ উপার্জন করতে চান কিন্তু ফুল-টাইম কাজ নিতে পারছেন না? WerkWus-এখান থেকে আপনি যত বেশি রুটাকা আয় করতে পারেন। শুধু সামাজিক মাধ্যমে পোস্ট শেয়ার করে মাসে ৮০০০ টাকা আয় করুন। শুরু করার জন্য এখানে সাইন আপ করুন: www.W3kwithUS.co/account- login/index_432lxQz






বাহ, আপনি আজকাল অনলাইনে কিছু করতে পারেন! সম্ভবত আমার সাইন আপ করা উচিত...

### আদিল তার মাকে কী পরামর্শ দিতে পারেন?

ক. সুযোগটি যাচাই করার জন্য একটি ওয়েব অনুসন্ধান করুন।

খ. URL কোম্পানির নামের সাথে মেলে কিনা তা চেক করুন - এটি কি সন্দেহজনক মনে হচ্ছে?

গ. এটি একটি বিশাল সুযোগ - এটি গ্রহণ করুন!

ঘ. তাদেরকে সতর্ক করতে সাইবার ক্রাইম সেল বা পুলিশের সাথে যোগাযোগ করুন।

ঙ. ব্লক করুন এবং নম্বরটি রিপোর্ট করুন।

## আদিলের চাচা একটি কল পেয়েছেন!




হ্যালো?



হাই স্যার, আমি নেহা, Xater ব্যাঙ্ক থেকে আপনাকে কল করছি। সরকারের নিয়ম অনুযায়ী আপনার কেওয়াইসি এবং অ্যাকাউন্টের তথ্য আপডেট করতে হবে, যাতে আপনি নিরাপদ থাকতে পারেন। অন্যথায়, আমাদের আপনার অ্যাকাউন্টটি বন্ধ করতে হবে। আমি আপনাকে লিঙ্কটি পাঠাচ্ছি, অনুগ্রহ করে কলে থেকে এটি পূরণ করুন।



ঠিক আছে। আপনার লিঙ্কটি খুলছি।




### আদিল তার চাচাকে কী পরামর্শ দিতে পারেন?

ক. সরকারী নিয়ম অনুযায়ী ফর্মটি পূরণ করুন।

খ. যাচাই করতে ব্যাঙ্ক রিলেশনশীপ ম্যানেজার কে কল করুন। কেন তার নিজের ব্যাঙ্ক তার অ্যাকাউন্টের বিবরণ চাইবে?

গ. ওয়েবসাইটটি বিশ্বাসযোগ্য কি না তা চেক করুন: URL, ই-মেইল ও লেআউট, ডিজাইনে ত্রুটি আছে কিনা?

ঘ. সাইবার ক্রাইম সেলের সাথে যোগাযোগ করুন!

# উত্তর কী

amazon future engineer

## অনলাইনে সচেতন হোন

**আদিল সম্ভবত এই গল্পগুলিতে ক্লিক করতে অতি উৎসাহী হবে:**

- এই সপ্তাহান্তে আপনি যে Binge-Worthy শো দেখতে পারেন
- বলিউড তারকাদের হৃদয়বিদারক গল্প যা আপনাকে কাঁদাবে।
- মেয়েটি অজানা ডায়েরি খুঁজে পায় -তুমি বিশ্বাস করতে পারবে না যে এরপর কী হতে চলেছে!

যদিও অন্যান্য গল্পগুলি একটি নিরপেক্ষ স্বর ব্যবহার করে, যেগুলি তাকে উত্তেজিত করার চেষ্টা করে, তাকে খুব কৌতূহলী করে তোলে এবং একটি আবেগী মুহূর্ত ব্যবহার করে যেন সে অনুভব করে যে ক্লিক না করলে গুরুত্বপূর্ণ তথ্য মিস করবে সংক্ষেপে বলতে গেলে, এগুলোই ক্লিকবাইট শিরোনাম!

## অনলাইন হুমকি

1. হ্যাকিং
2. ফিশিং
3. ডেটা চুরি
4. ম্যালওয়্যার
5. পরিচয় চুরি

## আর্থিক জালিয়াতি

### আদিলের বাবার গল্প:

খ. পুলিশ অফিসারকে তার আইডি নম্বর জিজ্ঞাসা করুন এবং এটা যাচাই করার জন্য বাহাদুরপুর স্টেশনের অফিসিয়াল ফোনে পুলিশকে একটা কল করুন।
গ. চাচাতো ভাইকে ফোন করে চেক করুন যে তাকে গ্রেফতার করা হয়েছে কিনা।
ঘ. অভিযোগ দায়ের করতে সাইবার ক্রাইম সেলের সাথে দ্রুত যোগাযোগ করুন।
ঙ. বিপদে বন্ধু এবং পরিবারের সদস্যদের কাছে সাহায্য চান

### আদিলের মায়ের গল্প:

ক. সুযোগটি যাচাই করার জন্য একটি ওয়েব অনুসন্ধান করুন।
খ. URL কোম্পানির নামের সাথে মেলে কিনা তা চেক করুন - এটি কি সন্দেহজনক মনে হচ্ছে?
ঘ. তাদেরকে সতর্ক করতে সাইবার ক্রাইম সেল বা পুলিশের সাথে যোগাযোগ করুন।
ঙ. ব্লক করুন এবং নম্বরটি রিপোর্ট করুন।

### আদিলের চাচার গল্প:

খ. যাচাই করতে ব্যাঙ্ক রিলেশনশীপ ম্যানেজার কে কল করুন। কেন তার নিজের ব্যাঙ্ক তার অ্যাকাউন্টের বিবরণ চাইবে?
গ. ওয়েবসাইটটি বিশ্বাসযোগ্য কি না তা চেক করুন: URL, ই-মেইল ও লেআউট, ডিজাইনে ত্রুটি আছে কিনা?
ঘ. সাইবার ক্রাইম সেলের সাথে যোগাযোগ করুন!

